

# তথ্যসূত্রঃ উদয়শঙ্কর



১/১৯০০ ঃ ৮ ডিসেম্বর, রাজস্থানের উদয়পুরে জন্ম। পিতা পণ্ডিত শ্যামশঙ্কর চৌধুরী মাতা হেমাঙ্গিনী দেবী।

২/ স্কুল ঃ গাজীপুরে ভিক্টোরিয়া হাইস্কুল, ঝালোয়ারে দরবার হাইস্কুল ও বারাণসীর বাঙ্গালীটোলা স্কুল।

৩/১৯১৭ ঃ মম্বাইয়ের জে. জে. স্কুল অব আর্টস - এ তিনি ছবি আঁকা শিখতে আসেন। তখন তাঁর বয়স সতেরো বছর। পাঁচ বছরের শিক্ষাক্রম মাত্র দুই বছরে উত্তীর্ণ হন।

৪/১৯২০ ঃ ২৩ আগষ্ট, লণ্ডনের রয়্যাল কলেজ অব আর্টস -এ স্যার উইলিয়াম রদেনস্টাইনের অধীনে আঁকা শেখা শু। এই কলেজে থাকাকালীন ' স্পেনসার ও জর্জক্লাসেন' সুরস্কার 'Self Potrait' - এর জন্য বিশেষ পুরস্কার 'Dance in Moonlight'- এর জন্য বিশেষ পুরস্কার লাভ করেন। এছাড়াও 'Prix-de-Rome' স্কলারশিপ পেয়ে উচচতর শিক্ষার জন্য ইটালির রোম শহরে যাবার সুযোগ পান।

৫/১৯২২ ঃ ৩০জুন, 'ইন্ডিয়া ডে' - তে মৃণালিনী সেন ও লেডি জোয়াবজী টাটার আমন্ত্রণে, রিজেন্ট পার্ক, লন্ডনে, স্যার পঞ্চম জর্জের সামনে প্রথম একক নৃত্য প্রদর্শন করেন এবং প্রশংসিত হন।

৬/১৯২৩ ঃ ১০ সেপ্টেম্বর, লন্ডনের কভেন্ট গার্ডেন এ 'রয়্যাল অপেরা হাউসে' 'রাধাকৃষ্ণ' ও 'ভারতীয় বিবাহ' নামে দুটি নৃত্য প্রথম প্রদর্শিত হয়, যাতে বিখ্যাত শ নৃত্য শিল্পী আনা পাভলোভা রাধার ভূমিকায় নৃত্যাভিনয় করে আর উদয়শঙ্কর কৃষ্ণের ভূমিকায় আনা কে সহযোগিতা করে। ৯ই অক্টোবর, এই তারিখ থেকে ন-মাস পাভলোভা সম্প্রদায়ের সঙ্গে আমেরিকা সফর করেন। দলের প্রথম অনুষ্ঠান হয় নিউইয়র্ক- এর ম্যানহাটন্ অপেরা হাউসে।

৭/১৯২৪ ঃ লেডি মেহেবাই জোরাজী টাটার উৎসাহে 'ব্রিটিশ এম্পায়ার এক্সিজিবিশন'- এ লন্ডনের কাছে ওয়েম্বলীতে জনতার সামনে 'শিব' নামক একক নৃত্য প্রদর্শন করেন। এ সময়ে অ্যাডিলেড ও সকি নামে দুই নৃত্য শিল্পীকে নিয়ে 'ট্রায়ো' নামে একটি দল গঠন করেন। এ সময়ে মিশেল দ্যমুর এঁদের দলে ছিলেন।

৮/১৯২৬-২৯ ঃ উদয়শঙ্কর ও সিমকি সারা ইউরোপে নৃত্য প্রদর্শন করেন। এই সময় অ্যালিস বোনার নামে এক ভ াস্করের সঙ্গে তাঁর আলাপ হয়।

৯/১৯৩০ ঃ বোনারের আর্থিক ও মানসিক সহায়তায় ৪ জানুঃ উদয়শঙ্কর ভারতবর্ষে পাড়ি দেন। প্রখ্যাত আয়োজক হরেন ঘোষের সহায়তায় 'ইন্ডিয়ান সোসাইটি অব ওরিয়েন্টাল আর্ট' এর স্বল্প পরিসর মঞ্চে তিনি অনুষ্ঠান পরিবেশন করেন। উল্লেখযোগ্য, এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অবনীন্দ্রনাথ ঠাকুর, ও.সি. গাঙ্গুলী, সুভো ঠাকুর, হেমেন্দ্র কুমার রায় প্রমুখ। কলকাতারয় দল গঠন করেন ও অক্টোবর মাসে প্যারিস শহরে যান। ১৯ নভেম্বর থেকে রিহার্সাল শু হয়।

১০/ ১৯৩১ ঃ ৩মার্চ প্যারিসে সর্বপ্রথম উদয়শঙ্কর সংগঠিত নৃত্যসম্প্রদায় ''The Uday Shankar Hindu Dancers and Musicians'- এর নৃত্যানুষ্ঠান হয় 'সাঁজে লিজে' প্রেক্ষাগৃহে। উদয়শঙ্কর তিনটি একক নৃত্য পরিবেশন করেন - 'ইন্দ্র' 'গন্ধর্ব এবং 'হিন্দু বিবাহ'। সিমকির সঙ্গে মিলে করলেন 'Sword Dance', 'Peasant Dance' ÛõÑ 'Radha-Krushna Dance'. আগষ্ট মাসে প্যারিস শহরে 'Exposition Coloniale Paris' -প্রদর্শনী হয়। এখানেই শ্রীমতি অমলা নন্দীর সঙ্গে দেখা হয়। ২৮ ডিসেম্বর আমস্টারডাম শহরে সর্বপ্রথম 'কালীয় দমন' নামে একটি নতুন নৃত্যপরিকল্পনা করেন। যাতে কালীর সাপের ভূমিকায় অমলা ও কৃষ্ণের ভূমিকায় তিনি নিজে নৃত্য প্রদর্শন করেন।

১১/১৯৩২ ঃ ২৬ ডিসেম্বর থেকে ১৯৩৩ এর ২৬ জানুয়ারী উদয়শঙ্কর তাঁর দল নিয়ে সবপ্রথম আমেরিকা সফর

করেন। এবং মে মাস অবধি অভূতপূর্ব সাফল্যের পর কলকাতায় ফেরেন।

১২/১৯৩৩ ঃ ১৮জুন, কলকাতার টাউন হলে মেয়রের উপস্থিতিতে উদয়শঙ্গর কে সংবর্ধনা দেওয়া হয়। এই অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অবনীন্দ্রনাথ ঠাকুর এবং সঙ্গীত পরিবেশন করেন শচীন দেব বর্মন। ৬ই জুলাই, কলকাতার ম্যাজান থিয়েটারে রবীন্দ্রনাথ ঠাকুর ও পুত্রবধু প্রতিমা দেবী তাঁকে শান্তিনিকেতন যাওয়ার জন্য আমন্ত্রণ জানান। ২০ অক্টোবর দ্বিতীয়বার আমেরিকা সফরে যান।

১৩/১৯৩৪ ঃ ২৬ মে, লন্ডনে তিনি 'Dartington Hall' -এর Open Air Theatre - এ নৃত্য প্রদর্শন করেন।

১৪/১৯৩৫ ঃ লন্ডন শহরে উদয়শঙ্করের বাবা পন্ডিত শ্যামশঙ্কর চৌধুরী প্রয়াত হন।

১৫/১৯৩৬ ঃ ৫ অক্টোবর 'The Chekhov Theatre Studio' -র উদ্বোধনী অনুষ্ঠানে তাঁর দলের নৃত্য প্রদর্শিত হয়।

১৬/ ১৯৩৮ ঃ সোল হিউরকের পরিবেশনায় উদয়শঙ্কর দুবার আমেরিকা সফর করেন।

১৭/১৯৩৯ ঃ তাঁর মনে যে নৃত্যশিক্ষাকেন্দ্র গড়ার স্বপ্ন ছিল দেশে ফেরার পর আলমোড়ায় সেই সংস্কৃতি কেন্দ্র স্থাপনার প্রস্তুতি শু হয়। Leonard Elmhirst এই কেন্দ্রের জন্য ২০ হাজার পাউন্ডঅনুদান দেন।

১৮/১৯৪০ ঃ ৩ মার্চ, হিমালয় বক্ষে আলমোড়াতে নৃত্যশিক্ষা কেন্দ্র Uday Shankar India Culture Centre- এর সূচনা হয়।

১৯/১৮৪২ ঃ ৮মার্চ উদয়শঙ্কর ও অমলা নন্দীর বিবাহ। ১১ ডিসেম্বর উদয়শঙ্কর ও অমলার প্রথম সন্তান পুত্র আনন্দর জন্ম।

২০/১৯৪৪-৪৭ ঃ কল্পনা চলচিচত্রের চিত্রগ্রহণ হয়েছিল মাদ্রাজের জেমিনি স্টুডিওতে। এই চলচিচত্র তৈরী করতে ২২ লক্ষ টাকা খরচ হয়েছিল। এতে অংশ গ্রহণ করেছিলেন উদয়শঙ্কর, অমলা শঙ্কর, রাগিনী, পদ্মিনী, উষা কিরণ, নগেন দে, চিরঞ্জীলাল শাহ, দেবীলাল সমর প্রমুখ। সঙ্গীত পরিচালক ছিলেন বিষ্ণুদাস শিরালী।

২১/১৯৪৮ ঃ ১৩ ফেব্রুয়ারি 'কল্পনা'র প্রথম প্রদর্শন হয় মুম্বাই-এর ৫টি প্রেক্ষাগৃহে 'কল্পনা' প্রদর্শিত হয় এবং সারা ভারতে ১৭ টি প্রেক্ষাগৃহে প্রদর্শিত হয়।

২২/১৯৪৯ ঃ 'কল্পনা' চলচিচত্র ব্রাসেলস্ ফ্লিম ফেস্টিভ্যালে Prestigious Award পায়।

২৩/১৯৫৪ ঃ বুদ্ধের মহাপরিনির্বাণের আড়াই হাজারতম বর্ষ উদ্যাপনে তিনি 'The Life of Buddha' -নামে ছায়ানৃত্য পরিকল্পনা করেন। এই নৃত্য পরিকল্পনা প্রথম দিল্লীতে প্রদর্শিত হয়।

২৪/১৯৫৫ ঃ ৭ জানুয়ারী মমতার জন্ম।

২৫/১৯৫৬ ঃ ১৪ এপ্রিল মুখ্যমন্ত্রী বিধানচন্দ্র রায় - এর আগ্রহে পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক জোড়াসাঁকো ঠাকুরবাড়িতে 'Academy of Dance Drama and Music' প্রতিষ্ঠিত হয়। ১৯৬৯ সালে যার নাম হয় 'রবীন্দ্রভারতী ৱিবিদ্যালয়'। ওই সময়ে উদয়শঙ্কর ছিলেন 'Dean of Dance'

২৬/১৯৬১ ঃ রবীন্দ্র নাথের 'সামান্য ক্ষতি' নৃত্যনাট্য প্রযোজনা, এর সঙ্গীত পরিচালনা করেন পন্ডিত রবিশঙ্কর। এটি উদয়শঙ্করের দীর্ঘতম নৃত্যপরিকল্পনা। এটি পরিবেশিত হয় রবীন্দ্র জন্মশত বার্ষিকী উৎসবে।

২৭/১৯৬৫ ঃ 'উদয়শঙ্কর ইন্ডিয়া কালচার সেন্টার'-এর উদ্বোধন হয় কলকাতার রবীন্দ্র সরোবর স্টেডিয়াম হলে।

২৮/১৯৬৬ ঃ সোল হিউরকের আমন্ত্রণে উদয়শঙ্কর শেষবারের মত ১৭ জন শিল্পীকে নিয়ে আমেরিকা যান।

৩০/১৯৭১ ঃ রবীন্দ্রভারতী ৱিবিদ্যালয় থেকে সম্মানিক ডি.লিট. পান।

৩১/১৯৭৭ ঃ ২৬ সেপ্টেম্বর মহাপরিনির্বান।



সৃষ্টিসন্ধান

Phone: 98302 43310
email: editor@srishtisandhan.com